তারিখ ... 28 AUG 1989 ...
কলাম ...

দৈনিক সংবাদ

# পথকলি প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

গোপালগঞ্জ, ২৬শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।-গোপালগঞ্জ পৌরসভার পথকলি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

সমাজের অবহেলিত, ছিন্নমূল অসহায় শিশুদের লেখাপড়ার সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে ১৯৮৩ সালে বিদ্যালয়টি বেসরকারী উদ্যোগে স্থাপিত হয়; কিন্তু আজ পর্যন্ত বিদ্যালয়টির নিজস্ব কোন ভবন তৈরী হয়নি। পূর্বতন লেডিজ ক্লাবের একটি পোড়ো ভবনে বিদ্যালয়ের ক্লাস চলছে। এ ভবনটি এতই জরাজীর্ণ যে বৃষ্টি হলে ছাদ চুঁইয়ে পানি পড়ে। ছাদে ফাটল ধরেছে। ছাত্র-ছাত্রীদের জীবনের ঝুকি নিয়ে এখন ক্লাস করতে হচ্ছে। ভবনটির জানালা দরজা নেই এবং পরিসর এত স্বল্প যে ছাত্র-ছাত্রীদের বসবার স্থান সংকুলান হয় না।

বিদ্যালয়টিতে আসবাবপত্রের অভাব রয়েছে। ছাত্র-ছাত্রীদের বসবার জন্য কোন বেঞ্চ নেই। মেঝেতে চাটাই বিছিয়ে কিংবা ভবনের বাইরে মাঠে বসে ছাত্র ছাত্রীদের ক্লাস করতে হবে। শিক্ষকদের বসবার ঘরে একটি টেবিল ও ৩টি মাত্র চেয়ার এবং ক্লাস রুমের জন্য মাত্র ৩টি চেয়ার ও ৩টি টেবিল রয়েছে।

এছাড়া বিদ্যালয়টিতে পানীয় জল, পায়খানা ও প্রস্রাব খানার কোন ব্যবস্থা নেই। নেই ব্লাক বোর্ড, চক-ডাষ্টার কিংবা অন্যান্য শিক্ষা উপকরণ। শিক্ষকরাও নিয়মিত বেতন পাচ্ছে না। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।